

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নতুন মহাপরিচালক আব্দুস সামাদ



মো. আব্দুস সামাদ। ছবি: সংগৃহীত

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৬ মে ২০২৪ | ১৯:০৯



প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নতুন মহাপরিচালক হয়েছেন স্বাস্থ্যসেবা বিভাগের আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগের মো. আব্দুস সামাদ। তিনি সদ্য বিদায়ী মহাপরিচালক শাহ রেজওয়ান হায়াত'র স্থলাভিষিক্ত হয়েছেন।

আজ রোববার জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপ-সচিব আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ স্বাক্ষরিত এক বিবৃতি এ তথ্য জানানো হয়েছে।

মো. আব্দুস সামাদ সরকারের একজন অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।